

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর  
কলেজ অব নার্সিং ( একাডেমিক ভবন )  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.dgnm.gov.bd](http://www.dgnm.gov.bd)

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৯-৩৯

তারিখ: ০৪/০২/১৪২৬  
২৭/০২/২০২০


বিষয়ঃ ১০০০০ সিনিয়র স্টাফ নার্স এবং ৫০০০ মিডওয়াইফ এর নতুন পদসৃজন ও নিয়োগ প্রসঙ্গে।  
সূত্রঃ ৪৫.০০.০০০০.১৭২.১১.০২০.১৯-৪৬; তারিখঃ ০৩ ফেব্রুয়ারি ২০২০।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্বাক্ষরের আলোকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল/ জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল/ আধুনিক সদর হাসপাতাল/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ মা ও শিশু স্বাস্থ্য হাসপাতাল/ বক্ষ্য ব্যাধি হাসপাতাল/ ইউনিয়ন (সাবসেন্টার)/ কমিউনিটি ক্লিনিক হাসপাতাল সমূহের জন্য ১০,০০০ সিনিয়র স্টাফ নার্স ও ৫,০০০ মিডওয়াইফ পদে জনবল নিয়োগের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এ বিষয়ে নীতিগত সম্মতি প্রদান করেছেন এবং দ্রুততম সময়ে মুজিববর্ষে অগ্রাধিকার প্রদান করে এ কার্যক্রম সম্পন্ন করার উদ্যোগ গৃহিত হয়েছে।

২। উক্ত সিদ্ধান্তের আলোকে বিভিন্ন হাসপাতালে/ স্বাস্থ্য প্রতিষ্ঠানে পদ সৃজনের লক্ষ্যে বিদ্যমান সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফদের মঞ্জুরকৃত পদ, কর্মরত পদ ও শূন্য পদের তালিকাসহ এবং আপনার প্রতিষ্ঠানে আগামী ০৫ (পাঁচ) বছরের মধ্যে কতগুলো সিনিয়র স্টাফ নার্স ও মিডওয়াইফদের প্রয়োজন হবে তা “ছক” অনুযায়ী আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে হার্ডকপি ডাক মারফত ও সফটকপি (info@dgnm.gov.bd) নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য বিষয়টি সর্বাধিক গুরুত্ব দিয়ে মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল/ জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল/ আধুনিক সদর হাসপাতাল/ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ মা ও শিশু স্বাস্থ্য হাসপাতাল/ বক্ষ্য ব্যাধি হাসপাতাল/ ইউনিয়ন (সাবসেন্টার)/ কমিউনিটি ক্লিনিক হাসপাতাল সমূহে পদ সৃজনের অনুরোধ করা হলো।

| পদের নাম            | বিদ্যমান মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদ | শূন্য পদ | আগামী ০৫ (পাঁচ) বছরের জন্য সম্ভাব্য প্রয়োজনীয় পদের সংখ্যা | পদ বৃদ্ধির যুক্তিকতা |
|---------------------|------------------------|-----------|----------|---|----------------------|
| সিনিয়র স্টাফ নার্স |                        |           |          |   |                      |
| মিডওয়াইফ           |                        |           |          |   |                      |

  
(মোহাম্মদ আবদুল হাই, পিএএ)  
(উপসচিব)  
পরিচালক (শিক্ষা)  
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।  
ই-মেইল-info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৯-৬১/১(৫০০)

তারিখ: ০৪/১১/ ১৪২৬  
১৭/১০/২ ২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, (হাসপাতাল ও ক্লিনিক সমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মাহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (স্বাস্থ্য), ----- বিভাগ -----
- ৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল-----
- ৪। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল -----
- ৫। সিভিল সার্জন -----
- ৬। তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল-----
- ৭। সহকারী পরিচালক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল-----
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা -----
- ৯। মেডিকেল অফিসার -----
- ১০। সহকারী পরিচালক (নার্সিং), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয় -----  
(আপনার বিভাগের চাহিত তথ্যাদি আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১১। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস -----  
(আপনার জেলার চাহিত তথ্যাদি আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১২। সেবা তত্ত্বাবধায়ক/ উপ-সেবা তত্ত্বাবধায়ক, -----
- ১৩। পিএমআইএস শাখা, অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।

  
তারিখ: ১৭/১০/২০২০

পরিচালক (শিক্ষা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।